# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 01 June, 2025

‘আমরা জামায়াতকে নয়, ইসলামকে ক্ষমতায় আনতে চাই’ বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেছেন, ইসলামের সঙ্গে দ্বীনের কাজ করতে হবে, অর্পিত সাংগঠনিক দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে। আমাদের আকাঙ্ক্ষা হবে প্রত্যেক মানুষকে দ্বীনের ছায়াতলে নিয়ে আসা।

শনিবার (৩১ মে) বিকেলে নীলফামারীতে জেলা ও মহানগরী কর্মপরিষদ সদস্যদের দুইদিনব্যাপী শিক্ষা শিবিরের সমাপনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

জামায়াত আমির বলেন, ইসলামের আলোকে ন্যায় ভিত্তিক রাষ্ট্র কায়েম হলে মদীনার আদলে নারী-পুরুষ সবাই সমান নিরাপত্তা পাবে। শিক্ষিত মা হলে জাতি শিক্ষিত হবে। তবে সেই শিক্ষা হতে হবে রাব্বুল আলামিনের নামে। আমাদের চোখের পানি ফেলে সিজদায় পড়ে আল্লাহর সাহায্য চাইতে হবে।

তিনি বলেন, ‘মুমিনদের দায়িত্ব হলো প্রতিবেশীর হক আদায় করা।আমরা সবাই আল্লাহর গোলাম।এটাই আমাদের পরিচয়’।

দায়িত্বশীলদের উদ্দেশ্যে ডা. শফিকুর রহমান বলেন, ‘বুঝে শুনে জনশক্তিকে পরিচালনা করতে হবে। সংগঠনের কেউ অপরাধ করলে অপরাধের মাত্রা অনুযায়ী তার বিচার হবে। ব্যক্তি নিজেকে পাহারা দিবে, সংগঠন সবাইকে পাহারা দিবে’।

ডা. শফিকুর রহমান আরও বলেন, শহীদ নেতৃবৃন্দের রক্ত, মজলুমের চোখের পানি ও মুখলিছ নেতা-কর্মীদের ত্যাগ কুরবানির কারণে আমাদের প্রতি জনগণের ভালোবাসা ও আস্থা বেড়েছে।

তিনি সংগঠনের জনশক্তিদের কুরআন, হাদিসসহ অধ্যয়ন বাড়াতে এবং পরিবারের সাথে সম্পর্ক ও বেশি সময় দেওয়ার নির্দেশ দেন।

জামায়াতে ইসলামী নেতা-কর্মী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 14:59

URL: https://www.timestodaybd.com/politics/688323203